

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ  
প্রশিক্ষণ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.mof.gov.bd

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
২৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৯০.২৫.০১০.২৪.৪০৫

বিষয়: ৭ম 'Advanced Budget Management (ABM)' শীর্ষক কর্মশালায় অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: আইপিএফ এর স্মারক নম্বর: আইপিএফ/৩৬/ABM/২০১৯-২১২; তারিখ: ১৮/০৯/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতাধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) কর্তৃক আয়োজিত ৭ম 'Advanced Budget Management (ABM)' শীর্ষক কর্মশালা আগামী ০১ ও ০২ নভেম্বর ২০২৪ তারিখ (রোজ-শুক্রবার ও শনিবার) আইপিএফ, সেগুনবাগিচা, ঢাকা-তে অনুষ্ঠিত হবে।

০২। কর্মশালা সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

(ক) কর্মশালার মেয়াদ ০২ দিন।

(খ) মোট ২৫ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে।

(গ) এ কোর্সটি অনাবাসিক এবং অংশগ্রহণের জন্য কোন ফি প্রদান করতে হবে না। কোর্স সংক্রান্ত যেকোন তথ্যের জন্য জনাব মোঃ আকরাম আলী, উপ-পরিচালক (উপসচিব), আইপিএফ এর সাথে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে (মোবাইল-০১৭২২২১২৪৮২)।

০৩। আবেদনের শর্তসমূহঃ

(ক) সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও রাষ্ট্রপতির কার্যালয়, প্রধান উপদেষ্টার কার্যালয়, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমান বাহিনী ও তাদের অধিন দপ্তরে কর্মরত যুগ্মসচিব অথবা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।

(খ) ইতোপূর্বে যে সকল কর্মকর্তা বর্ণিত ৭ম ABM শীর্ষক কর্মশালায় অংশগ্রহণের জন্য আবেদন করেছেন তাঁদের মধ্যে আগ্রহী কর্মকর্তাগণকে পুনরায় আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(গ) যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

(ঘ) বিভিন্ন কার্যালয় হতে মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ বর্ণিত কর্মশালায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৪। আগ্রহী কর্মকর্তাগণকে আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দ্র:আ: উপসচিব, প্রশিক্ষণ শাখা], বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি অথবা ই-মেইলে ([trainingsection.fd2@gmail.com](mailto:trainingsection.fd2@gmail.com)) নির্ধারিত ফরমে আবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের , বিজ্ঞপ্তির কপি অর্থ বিভাগের [ওয়েবসাইটে](#) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের [ওয়েবসাইটে](#) পাওয়া যাবে।

সংযুক্তি: আবেদন ফরম।

